

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ২৬৯৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সফর থেকে ফিরে এসে কী বলবে তার বর্ণনা

ذكر ما يقوله المرء عند قفوله من الأسفار

আরবী

2696 - أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدٍ بْنُ سِنَانٍ قَالَ: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ نَافِعٍ عَنْ ابْنِ عُمَرَ:

أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ إِذَا قَفَلَ مِنْ غَزْوٍ أَوْ حَجٍّ أَوْ عُمْرَةٍ كَبَّرَ عَلَى كُلِّ شَرْفٍ فِي الْأَرْضِ ثَلَاثَ تَكْبِيرَاتٍ ثُمَّ يَقُولُ: (لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ , لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ آيُّونَ تَائِبُونَ عَابِدُونَ سَاجِدُونَ لِرَبِّنَا حَامِدُونَ صَدَقَ اللَّهُ وَعْدَهُ وَنَصَرَ عَبْدَهُ وَهَزَمَ الْأَحْزَابَ وَحْدَهُ)

الراوي : ابن عمر | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2696 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (2475): ق.

বাংলা

২৬৯৬. আব্দুল্লাহ বিন উমার রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন যুদ্ধ, হজ্জ অথবা উমরাহ থেকে ফিরে আসতেন, তখন তিনি জমিনের প্রত্যেক উঁচু জায়গায় তিনবার তাকবীর দিতেন। তারপর বলতেন, لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ , لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ آيُّونَ تَائِبُونَ عَابِدُونَ سَاجِدُونَ لِرَبِّنَا حَامِدُونَ (আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বুদ নেই। তিনি এক, তাঁর কোন শরীক নেই। তাঁর জন্যই সমস্ত রাজত্ব, তাঁর জন্যই সমস্ত প্রশংসা, তিনি সর্ব বিষয়ে ক্ষমতাবান। আমি প্রত্যাভর্তনকারী, তাওবাকারী, ইবাদতকারী, সাজদাকারী, আমাদের প্রভুর প্রশংসাকারী। আল্লাহ তাঁর ওয়াদা সত্যে রূপ দিয়েছেন, তাঁর বান্দাকে সাহায্য করেছেন এবং সম্মিলিত বাহিনীকে তিনি একাই পরাস্ত করেছেন)।”[1]

ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ২/৯৮০; মুসনাদ আহমাদ: ২/৬৩; সহীহুল বুখারী: ১৭৯৭; সহীহ মুসলিম: ১৩৪৪; আবু দাউদ: ২৭৭০; নাসাঈ: ৬/২১০; সুনান বাইহাকী: ৫/২৫৯; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৯২৩৫; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/৩৬১; তিরমিযী: ৯৫০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ২৪৭৫)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92026>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন